দৈনিক জনকণ্ঠ

তারিখ ... MAY 13 1999 ...
পৃষ্ঠা: ৮ কলাম ৪ ...

# সরিষাবাড়ী কলেজের ঘটনাবলী প্রসঙ্গে ধর্ম প্রতিমন্ত্রী

স্টাফ রিপোর্টার ॥ ধর্ম প্রতিমন্ত্রী মাওলানা নূরুল ইসলাম বলেছেন, সরিষাবাড়ী মাহমুদা সালাম মহিলা কলেজ সাবেক ফার্স্টলেডি রওশন এরশাদের নামে ছিল। বিএনপি'র মন্ত্রী আব্দুস সালাম তালুকদার প্রভাব খাটিয়ে ঐ কলেজ নিজ স্ত্রীর নামে করেন। এখানেই তিনি ক্ষান্ত হননি। সরিষাবাড়ী কলেজ, উচ্চ বিদ্যালয় ও আরামনগর বালিকা বিদ্যালয়ের নাম বদল করে তিনি তাঁর পিতা ও মাতার নামে নামকরণ করেছেন।

সরিষাবাড়ী মাহমুদা সালাম কলেজকে কেন্দ্র করে গোলাগুলিতে বিএনপি কর্মী মন্তাজ আলী নিহতের ঘটনায় পত্র-পত্রিকায় প্রকাশিত সংবাদের প্রেক্ষিতে তিনি এক সাংবাদিক সম্মেলনে এ কথা বলেন। তিনি বলেন, সরিষাবাড়ীর ঐ চারটি শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠায় তালুকদার পরিবারের একক কোন অবদান নেই। সরিষাবাড়ী মহিলা কলেজ সালাম তালুকদার কর্তৃক প্রতিষ্ঠিত বলে সংবাদপত্রে প্রকাশিত হয়েছে, তা সর্বৈব মিথ্যা। ঐ কলেজ প্রতিষ্ঠা করি আমি।

তিনি বলেন, ২৫ এপ্রিল দুপুরে কলেজ গবর্নিং বডির সভা আহ্বান করা হয়। এই সভা পণ্ড করার জন্য বিএনপি ও ছাত্রদল বিভিন্ন এলাকা থেকে সশস্ত্র ক্যাডার সংগ্রহ করে। ঐদিন সকালে কলেজে ক্লাস শুরু হলে ছাত্রদলের ক্যাডার বাহিনী শাহীন তালুকদার, শামীম তালুকদার ও

(২ পৃষ্ঠা ১-এর কঃ দেখুন)

## সরিষাবাড়ী কলেজের

(৮-এর পাতার পর)

আজিমউদ্দিনের নেতৃত্বে কলেজে দখল নেয়ার লক্ষ্যে গুলিবর্ষণ, ইটপাটকেল নিক্ষেপ করতে থাকে। থানা নির্বাহী অফিসার পুলিশ ফোর্সসহ ঘটনাস্থলে উপস্থিত হলে তারা আরও মারমুখী হয়ে ওঠে। সংঘর্ষের ঘটনায় টিএনও এবং ওসি আহত হয়। ঘটনায় নিহত বিএনপি কর্মী মন্তাজ আলী দলীয় ক্যাডারদের আত্মঘাতী গুলিতে নিহত হয়েছেন বলে দাবি করে প্রতিমন্ত্রী বলেন, ঐ ঘটনার সময় তিনি বা তাঁর কোন সমর্থক ঘটনাস্থলের ধারেকাছে ছিলেন না।